

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

প্রকা/হিসাব-১/পরিপত্র নং- ২৭/২০১৬

তারিখঃ ১৮-১২-২০১৬

- ১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা সমূহ।
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহ।
- ৪। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহ।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ** বাড়ী ভাড়া, ব্যাংকিং বিভিন্ন সেবা খাতে ভ্যাট ও উৎসে কর এবং কর্তনকৃত আবগারী শুল্ক মাসিক ভিত্তিতে কেন্দ্রীয়ভাবে জমা দানের লক্ষ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারিকৃত পত্র নং- ২১৮৭(১২৫০), ২১৮৮(১২৫০) ও ১২৪৩(১২৫০) তারিখঃ যথাক্রমে ২০-০৬-২০১৬, ২০-০৬-২০১৬ ও ১৭-১১-২০১৫ এর প্রতি দৃষ্টি আর্কণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রগুলোর মাধ্যমে ব্যাংকের বাড়ী ভাড়ার উপর ১৫% ভ্যাট ও ৫% হারে উৎসে কর, ব্যাংকিং বিভিন্ন সেবা খাতে নির্ধারিত হারে মূল্য সংযোজন কর(ভ্যাট) ও উৎসে কর কর্তন এবং নির্ধারিত হারে আবগারী শুল্ক কর্তনের নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু উক্ত নির্দেশনা মাঠ পর্যায়ে যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না বিধায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উক্ত নির্দেশনা পরিপালন নিশ্চিতকল্পে বারংবার তাগিদ প্রদান করা হচ্ছে। উক্ত খাতসমূহের ভ্যাট ও উৎসে কর মাসিক ভিত্তিতে কেন্দ্রীয়ভাবে না দিয়ে স্থানীয়ভাবে জমা প্রদান করায় জাতীয় রাজস্ব বোর্ড অসম্ভোষ প্রকাশ করেছে। বর্ণিত ভ্যাট ও উৎসে কর মাঠ পর্যায়ে স্থানীয়ভাবে জমা না দিয়ে কেন্দ্রীয়ভাবে জমা দেয়ার পরামর্শ প্রদান করেছে। সে লক্ষ্যে ব্যাংকের সকল শাখা উপরোক্ত খাতে কর্তনকৃত অর্থ এবং সকল নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ বাড়ী ভাড়ার উপর ১৫% ভ্যাট ও ৫% হারে উৎসে কর কর্তন করে প্রতি মাসের ৭ তারিখের মধ্যে সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই ভ্যাট ও উৎসে কর কর্তনকৃত অর্থ স্থানীয়ভাবে জমা দেয়া যাবে না। এ বিষয়ে ভ্যাট ও উৎসে কর কর্তনে ব্যর্থতার দায়-দায়িত্ব সম্পর্কে মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৬ এর উপ-ধারা ৪(ছ) ছবছ মুদ্রণ করা হলোঃ

**“৪(ছ) ভ্যাট উৎসে কর কর্তনে ব্যর্থ হলে দায়-দায়িত্বঃ** এই উপ-ধারায় বিধান করা হয়েছে যে, যদি কোন উৎসে কর ভ্যাট কর্তনের দায়িত্বান্ত ব্যক্তি উৎসে ভ্যাট কর্তন না করেন এবং সরকারী কোষাগারে জমা না করেন, তাহলে উক্ত অর্থ যে প্রতিষ্ঠান কর্তন করতে ব্যর্থ হয়েছে তার নিকট থেকে ২ শতাংশ মাসিক সুদসহ আদায় করা হবে। যদি উৎসে কর্তন করার পর নির্দিষ্ট সময়ের মধ্যে (১৫ কার্যদিবস) সরকারী কোষাগারে জমা প্রদান না করেন তাহলে ভ্যাট বিভাগের কমিশনার ভ্যাট কর্তনকারী ব্যক্তিকে এবং যার উপর কর্তৃত ভ্যাট সরকারী কোষাগারে জমা দেয়ার দায়িত্ব ছিল তাকে এবং উক্ত প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে ব্যক্তিগত জরিমানা আরোপ করতে পারবেন(ধারা-৩৭(৩খ))।”

০৩। উপরোক্ত উপ-ধারা মোতাবেক প্রযোজ্য সকল ক্ষেত্রে ভ্যাট ও উৎসে কর কর্তন নিশ্চিত করতে হবে। ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৪। শাখাসমূহ উপরোক্ত খাতে নির্ধারিত হারে কর্তৃত ভ্যাট ও উৎসে করের অর্থ মাসিক ভিত্তিতে ক্রেডিট এ্যাডভাইস অঞ্চলের প্রধান শাখার উপর ইস্যু করে নিম্নোক্ত ছক মোতাবেক একটি বিবরনী প্রতি মাসের ৩ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ শাখা হতে প্রাণ্ড বিবরনী সংকলিত করে সংকলিত একটি বিবরনী এবং সকল নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ বাড়ী ভাড়ার উপর নির্ধারিত হারে উৎসে কর ও ভ্যাট কর্তন করে অঞ্চলাধীন প্রধান শাখা একটি ক্রেডিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর উপর ইস্যু করবে। উক্ত ক্রেডিট এ্যাডভাইস প্রতি মাসের ৭ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর কর্মকর্তা, জনাব বিশ্বনাথ সরকার এর নামে প্রেরণ করতে হবে। স্থানীয় মুখ্য কার্যালয় এবং কর্পোরেট শাখা সমূহ প্রতি মাসের ৭ তারিখের মধ্যে উক্ত বিবরনী নির্ধারিত ছকে ক্রেডিট এ্যাডভাইসসহ সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর কর্মকর্তা জনাব বিশ্বনাথ সরকার, এর নামে প্রেরণ করবে। কোন অবস্থাতেই ভ্যাট ও উৎসে কর স্থানীয়ভাবে জমা দেয়া যাবে না। এ বিষয়ে কোন ধরনের ব্যত্যয়ের কারণে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কোন আর্থিক জরিমানা আরোপ করা হলে সংশ্লিষ্ট ভ্যাট ও উৎসে কর কর্তনকারী কর্মকর্তা/শাখা প্রধান/কার্যালয় প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবে।



০৫। উক্ত বিষয়ে স্পষ্টীকরণের জন্য প্রয়োজনে অন্ত বিভাগের সহকারী মহাব্যবস্থাপক, জনাব কাজী শাহ আলম মোবাইল নং- ০১৭১৫২৩০৫৫৪ এবং মুখ্য কর্মকর্তা, জনাব আরিফুর রহমান মোবাইল নং-০১৭২৮৭৭১৩৮৩ এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

ছক

ক্রঃ নং	শাখার নাম	বাড়ী ভাড়ার উপর কর্তনকৃত		নিরাপত্তা প্রহরীদের বেতনের উপর কর্তনকৃত		টিটি/ডিডি/এমটি/পি ওসহ অন্যান্য কমিশন হতে আদায়কৃত ভ্যাট	আমানতের সুদের উপর ১০%/১৫% হারে কর্তনকৃত উৎসে কর	মোট প্রকৃত টাকায়	মন্তব্য
		ভ্যাট	উৎসে কর	ভ্যাট	উৎসে কর				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১									
২									
<b>সর্বমোট =</b>									

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অধাধিকার খাতসমূহ হলোঃ আয়কর, বাড়ী ভাড়া, ব্যাংকিং সেবা, আবগারী শুল্ক। উক্ত খাতগুলো আবশ্যিকীয় ভাবে শাখাসমূহ ও নিয়ন্ত্রণকারী কার্যালয়গুলোকে পরিপালন করতে হবে।

(ড. মোঃ শাহজাহান)

মহাব্যবস্থাপক  
আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ

নং-প্রকা/হিসাব-১/কর শাখা-০৫/২০১৬-১৭/১০৮

তারিখঃ ৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৭। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অন্ত পত্রিটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।

(মোঃ সাইফুল্লাহ ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক